

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
সংস্থাপন-১ শাখা  
ঢাকা।

এডি-পি১-২৪১০/২০২০

২০ অক্টোবর ২০১৯

প্রেরক: মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ  
সহকারী সচিব (সংস্থাপন-১)

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)  
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি-এর অনুকূলে ০৪ (চার) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরি প্রসঙ্গে।


জনাব,

আদিষ্ট হয়ে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি-এর অনুকূলে আগামী ২০-২৩ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের প্রকৃত তারিখ হতে মোট ০৪ (চার) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি প্রদানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মঞ্জুরি জ্ঞাপন করছি। উল্লেখ্য, উক্ত ছুটি তিনি চিকিৎসার নিমিত্ত সিঙ্গাপুর-এ অতিবাহিত করবেন।

০২। মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের এ বহিঃবাংলাদেশ সফরে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরিপত্র জারি করা হলো।

আপনার একান্ত,



২০/১০/১৯  
(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)  
সহকারী সচিব (সংস্থাপন-১)  
ফোন: ৯৫৬৪০৭৮

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক (প্রশাসন/ পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/অর্থ/সংস্থাপন/কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (এসএসএ/কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ-ফ্যাক্স: ৮৯০১৫৪৪)।
- ০৭। বাংলাদেশ হাই কমিশন, সিঙ্গাপুর।
- ০৮। মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর ব্যক্তিগত নথি।



২০/১০/১৯  
(মোঃ আব্দুল্লাহ আল ফরহাদ)  
সহকারী সচিব (সংস্থাপন-১)